

**বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড**  
**ইরেসপো-২য় পর্যায়**  
**পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫**

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.২৫.০১৭.২২. ৪২৭


তারিখ: ২১/০৪/২০২২ খ্রিষ্টাব্দ

বিষয় : হাই স্কুলগামী কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণের বাজেট বিভাজন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায় প্রকল্পের আওতায় উপজেলা পর্যায়ে হাই স্কুলগামী কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদানের সংস্থান রয়েছে। সংস্থানকৃত অর্থে দিনব্যাপী হাই স্কুলগামী কিশোরীদের সচেতনতামূলক প্রতিটি প্রশিক্ষণ কোর্স বাস্তবায়নের জন্য ব্যয় বিভাজন নিম্নরূপ :

ক্র. নং	বিবরণ	সংখ্যা	একক ব্যয় (টাকা)	সর্বমোট ব্যয় (টাকা)	মন্তব্য
১	প্রশিক্ষকের ভাতা (২ ঘন্টার ১টি সেশন, প্রতি ঘন্টায় ১১৫০ টাকা হারে)		২৩০০	২৩০০	উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের এ সংক্রান্ত বিষয়ে অভিজ্ঞ ডাক্তার, জেলা প্রশাসক, পুলিশ সুপার, ইউএনও, ওসি ও অন্যান্য
২	প্রশিক্ষণ সামগ্রী বিতরণ (স্যানিটারী ন্যাপকিন ও অন্যান্য)	১০০	১৫০	১৫০০০	
৩	কোর্স উপদেষ্টা (সংশ্লিষ্ট প্রধান শিক্ষক)	১	১৫০০	১৫০০	
৪	কোর্স পরিচালক (ইউআরডিও)	১	১২০০	১২০০	
৫	কোর্স সমন্বয়ক (এআরডিও-ইরেসপো)	১	১০০০	১০০০	
৬	আপ্যায়ন	১০০	৪০	৪০০০	
৭	সহায়ক কর্মচারী (সংশ্লিষ্ট মহিলা শিক্ষক ১জন, হিসাব সহকারী, সংশ্লিষ্ট মাঠ সংগঠক ১ জন ও অন্যান্য)	৪ জন	থোক	২০০০	
৮	বিবিধ (ব্যানার, প্রশিক্ষণের স্থিরচিত্র ও ভিডিও ধারণ এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচার)	থোক	থোক	৩০০০	
	সর্বমোট			৩০০০০	

- ২। প্রশিক্ষণ সামগ্রী সংশ্লিষ্ট এলাকার মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/এমপি মহোদয়সহ স্থানীয় গণ্যমান্য জনপ্রতিনিধিসহ/জেলা প্রশাসক/পুলিশ সুপার/ইউএনও/ওসি ও অন্যান্যদের উপস্থিতিতে বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এ সংক্রান্ত কার্যক্রম প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচারের ব্যবস্থা করতে হবে।
- ৩। এমতাবস্থায় উপরিলিখিত বিভাজন অনুযায়ী “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)- ২য় পর্যায়” এর হাই স্কুলগামী কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণ কোর্সসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। সকল বিল পরিশোধের ক্ষেত্রে সরকারী বিধি-বিধান অনুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করতে হবে।
- ৪। উল্লেখ্য উপরোক্ত ব্যয় প্রকল্পের প্রশিক্ষণ (কিশোরী) খাতে বরাদ্দকৃত অর্থ হতে নির্বাহ করতে হবে।

  
 মোহাম্মদ রাশেদুল আলম  
 প্রকল্প পরিচালক  
 ফোনঃ ০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,  
বিআরডিবি, উপজেলা.....(প্রকল্পভুক্ত সকল উপজেলা)।

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: ..... (প্রকল্পভুক্ত সকল জেলা)।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলা: ... .. (সকল উপজেলা)।
৫. অফিস নথি।